অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলোর ইস্ট সাইডে নতুন 19 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন তৈরির নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

অলিম্পিক অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টগুলি খালি ঐতিহাসিক পাবলিক স্কুল 78-কে 46টি সাশ্রয়ী বাড়ি ও কমিউনিটি স্পেস হিসেবে রূপান্তরিত করবে

পরিবেশ সচেতন বৈশিষ্ট্যগুলির মধ্যে রয়েছে শক্তি-সঞ্চয়ী হিটিং ও কুলিং ব্যবস্থা এবং সবুজ ছাদ; ভবনজুড়ে বিনামূল্যে ওয়াইফাই ডিজিটাল বিভক্তির সেতুবন্ধন করবে

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বাফেলোর প্রাক্তন পাবলিক স্কুল 78-এ (Public School 78 , PS 78) উল্লেখযোগ্য পুনর্বাসন কাজ শুরু হয়েছে যা খালি ভবনটিকে 46টি সাশ্রয়ী বাড়ি ও সম্প্রদায়ের অনুষ্ঠান ও পরিষেবার স্থান হিসেবে রূপান্তরিত করবে। 19 মিলিয়ন মার্কিন ডলারের অলিম্পিক অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টগুলি (Olympic Avenue Apartments) উচ্চমাত্রায় শক্তিদক্ষ হবে এবং ডিজিটাল বিভক্তি দূর করতে স্টেটের প্রচেষ্টার অংশ হিসেবে বাসিন্দাদের বিনামূল্যে ওয়াইফাই এবং কারিগরি সমর্থন প্রদান করবে।

"আমরা এধরনের প্রকল্প দ্বারা আবাসন সঙ্কট সমস্যার মোকাবেলা করতে থাকবো যেগুলি মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন তৈরি করে, বাসিন্দাদের জীবন উন্নত করে, এবং এলাকাকে আরো মজবুত করে," **গভর্নর হোকল বলেন**। "স্টেটজুড়ে খালি ও স্বল্পব্যবহৃত ঐতিহাসিক ভবনসমূহের টেকসই পুনর্বিকাশ কাজে আমাদের বিনিয়োগ বাফেলোর মতো শহরগুলির সুপরিকল্পিত পুনরুজ্জীবন ও বিকাশের সম্পূরক হিসেবে কাজ করে। সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যকর, সাশ্রয়ী, এবং প্রাণবন্ত সম্প্রদায়ে থাকার অধিকার আছে, এবং আমরা আবাসন সঙ্কটকে সামাল দেওয়ার জন্য এবং এম্পায়ার স্টেটকে সকলের জন্য আরো সাশ্রয়ী স্থান বানাতে সাহসী পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবো।"

অলিম্পিক অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টগুলি আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। এই বছর, স্টেট এর বর্তমান আবাসন পরিকল্পনার (Housing Plan) অধীনে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি ও সংরক্ষণের লক্ষ্য অর্জন করতে যাচ্ছে এবং ইতিমধ্যে সমর্থক সেবাসহ 6,000 ইউনিট তৈরির লক্ষ্য অর্জন করে ফেলেছে। এই বছর, স্টেট এর বর্তমান আবাসন পরিকল্পনার (Housing Plan) অধীনে 100,000 সাশ্রয়ী বাড়ি

তৈরি ও সংরক্ষণের লক্ষ্য অর্জন করতে যাচ্ছে এবং ইতিমধ্যে সমর্থক সেবাসহ 6,000 ইউনিট তৈরির লক্ষ্য অর্জন করে ফেলেছে।

1927 সালে নির্মিত PS 78 স্টেট ও জাতীয় উভয় ঐতিহাসিক স্থানের নিবন্ধনে তালিকাভুক্ত রয়েছে, এবং সম্প্রতি এখানে একটি মন্টেসরি স্কুল ছিলো। বাফেলো সিটি ভবনটিকে সাশ্রয়ী আবাসন হিসেবে পুনর্নির্মাণের জন্য CDS মনার্ককে (CDS Monarch) বাছাই করেছে। স্কুলের অডিটোরিয়ামটি একটি কমিউনিটি সেন্টার হবে যেখানে স্থানীয় অলাভজনক সংস্থাসমূহ বাসিন্দা, আশেপাশের এলাকা এবং সম্প্রদায়ের সদস্যদের জন্য সেবা ও কর্মসূচি প্রদান করতে পারবে।

PS 78-র উল্লেখযোগ্য পুনর্বাসন 43টি এক শোবার ঘরের এবং তিনটি দুই শোবার ঘরের অ্যাপার্টমেন্ট তৈরি করবে। আটটি অ্যাপার্টমেন্ট শারীরিক প্রতিবন্ধীদের জন্য আলাদা করে রাখা হবে এবং তাদের সুবিধার জন্য বিশেষভাবে নির্মিত হবে। এলাকার মধ্যম আয়ের (Area Median Income) 60 শতাংশ বা তার নিচে উপার্জন করা পরিবারগুলির জন্য সবগুলি অ্যাপার্টমেন্ট সাশ্রয়ী মূল্যের হবে।

অত্যাবশ্যকীয় কাজের মধ্যে রয়েছে সবুজ বৈশিষ্ট্যসহ একটি নতুন ছাদ স্থাপন করা, নতুন মেকানিকাল, বৈদ্যুতিক, প্লাম্বিং এবং অগ্নি সতর্কতা ব্যবস্থা, কুলিং কয়েলসহ নতুন ফার্নেস এবং ছাদে স্প্লিট সিস্টেম কন্ডেনসিং ইউনিট, এবং সব স্থানে শক্তিদক্ষ দরজা, জানালা ও ঝড়ের জন্য জানালা। 1.8 একরের সাইটটিতে পরিকল্পিত কাজের মধ্যে রয়েছে নতুন সাইডওয়াক, একটি ঝড়ের পানির ব্যবস্থা, সাইটের বাতি, একটি নতুন খেলার মাঠ এবং স্থানীয় ল্যান্ডস্কেপিং, এবং একই সম্প্রদায়ের বাগান সংযোজন।

প্রতিটি অ্যাপার্টমেন্টে এনার্জি স্টার (Energy Star) বা সমতুল অ্যাপ্লায়েন্স, শক্তিদক্ষ বাতি, এবং পানি সাশ্রয়ী প্লাম্বিং ফিক্সচার থাকবে। বিকাশকাজটি বিনামূল্যে ওয়াইফাই প্রদান করবে যেখানে প্রত্যেক বাসিন্দাকে একটি অনন্য ওয়াইফাই নেটওয়ার্ক প্রদান করা হবে যা তাদের অ্যাপার্টমেন্টে এবং ভবনের যেকোনো স্থানেও পাওয়া যাবে, সেই সাথে থাকবে 24/7 আইটি ব্যবস্থাপনার অন-কল সেবা।

অতিরিক্ত সুযোগসুবিধার মধ্যে থাকবে রান্নাঘরসহ ৩একটি কমিউনিটি কক্ষ, কম্পিউটার কক্ষ এবং ব্যায়ামের কক্ষ, মাল রাখার স্থান এবং প্রথম ও তৃতীয় তলায় কাপড় ধোয়ার ব্যবস্থা। এছাড়াও ঘরের বাইরে জমায়েতের জন্য বেঞ্চ ও পিকনিক টেবিলসহ একটি নিবেদিত প্যাটিও থাকবে।

অলিম্পিক অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টগুলির জন্য স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credits) যা 9.6 মিলিয়ন মার্কিন ডলার ইকুইটি সৃষ্টি করবে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) থেকে 2.4 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিস (NYS Office of Parks, Recreation and Historic Preservation) ফেডারেল ও স্টেটের ঐতিহাসিক কর ক্রেডিট (Historic Tax Credits) বরাদ্দ করেছে যা 5.4 মিলিয়ন মার্কিন ডলার ইকুইটি সৃষ্টি করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) বেটার বাফেলো ফান্ড (Better Buffalo Fund) থেকে 500,000 মার্কিন ডলার প্রদান করেছে এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) 46,000 মার্কিন ডলারের সমর্থন প্রদান করবে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ঐতিহাসিক PS 78-র 19 মিলিয়ন মার্কিন ডলারের সবুজ ও ডিজিটালি সংযুক্ত সম্প্রদায়ে রূপান্তর হওয়া এমন নিরাপদ, সুরক্ষিত, মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসন তৈরি করবে যা সকল নিউ ইয়র্কবাসীর প্রয়োজন ও প্রাপ্য। অনেক দিন ধরে খালি থাকা স্কুলটিকে যত্নসহকারে পুনর্বাসনের মাধ্যমে, আমরা সম্প্রদায়ের সম্পদ হিসেবে এর সঠিক স্থানকে পুনঃস্থাপন করছি যা আরেকবার ইস্ট সাইডের বাসিন্দাদের কাজে আসবে। গত এক দশক ধরে, স্টেট বাফেলোতে সাশ্রয়ী আবাসন নির্মাণ ও সংরক্ষণে 300 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে যা শহরটিকে পুনর্গঠন, আরো শক্তিশালী হতে ও সমৃদ্ধি করতে সাহায্য করছে। CDS মনার্ক এবং আমাদের স্টেট ও সিটি অংশীদারদেরকে ধন্যবাদ, ভবিষ্যৎ প্রজন্ম এই ভবনটিকে নিজের বাড়ি হিসেবে মনে রাখবে।"

স্টেট পার্কসের (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "প্রাক্তন পাবলিক স্কুলটি 2008 সালে বন্ধ হয়ে যাওয়ার পূর্বে বিংশ শতাব্দীতে বাফেলোর এই এলাকার প্রবৃদ্ধিতে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। স্টেটের ঐতিহাসিক ঐতিহ্য সংরক্ষণে পার্কসে আমাদের মিশনের অংশ হিসেবে, আমাদের এজেন্সি এই সম্পত্তিটিকে 2019 সালে স্টেটের ঐতিহাসিক স্থান নিবন্ধনে (State Register of Historic Places) তালিকাভুক্ত করেছে, এবং এক বছর পর এটি ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধনে তালিকাভুক্ত (National Register of Historic Places) হয়, যার ফলে এটি ঐতিহাসিক কর ক্রেডিটের জন্য উপযুক্ত হয় না এই প্রকল্পটিকে সমর্থন করছে। এই কাজ ঐতিহাসিক ভবনটিকে আরেকবার এই সম্প্রদায়ের একটি সম্পদে পরিণত করবে।"

NYSERDA-র প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "NYSERDA এই ঐতিহাসিক ভবনকে এমন সাশ্রয়ী আবাসনে রূপান্তর করার কাজ সমর্থন করতে পেরে গর্বিত যার বৈশিষ্ট্য হবে শক্তিদক্ষতা, টেকসই নকশা এবং যা বাসিন্দাদের বর্ধিত স্বাচ্ছন্দ্য ও বাসযোগ্যতা দিয়ে লাভবান করবে এবং একইসাথে অনসাইট সেবাদান করবে। শক্তি বিল কমাবে এবং সময়ের সাথে সঞ্চয় বৃদ্ধি করবে এমন নতুন অ্যাপ্লায়েন্স ও বাতির সাথে মিলিত হয়ে কাঠামোটির অভিযোজিত পুনর্ব্যবহার আরো শক্তিশালী ও স্বাস্থ্যকর একটি সম্প্রদায় তৈরিতে সাহায্য করে এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে আমাদের পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তর দ্বারা লাভবান হয় তা নিশ্চিত করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার ও প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন, "বাফেলোর প্রাক্তন পাবলিক স্কুল 78-কে সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট ও কমিউনিটি স্পেস হিসেবে পুনঃকল্পনা করা একটি ঐতিহাসিক ভবনে নতুন জীবন এনে দিবে এবং একটি গুরুত্বপূর্ণ শহরের করিডোর সংলগ্ন এবং ঘনত্ব ও অর্থনৈতিক বিকাশকে উৎসাহিত করবে। অলিম্পিক অ্যাভিনিউ ডেভেলপমেন্টের (Olympic Avenue Development) মতো প্রকল্পে বেতার বাফেলো ফান্ডের অব্যাহত সমর্থন এমন আবাসিক ও

বাণিজ্যিক এলাকার সংস্কারে অত্যন্ত গুরুত্বপূর্ণ যা বেসরকারি বিনিয়োগ ব্যবহার করে সম্প্রদায়কে রূপান্তরিত করে।"

CDS লাইফ ট্রানজিশন্সের (CDS Life Transitions) প্রেসিডেন্ট ও প্রধান পরিচালনা কর্মকর্তা অ্যান্ড্রু সিউনাথ বলেন, "অলিম্পিক অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টগুলির প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসন প্রদানের আমাদের মিশনটিকে আরো অগ্রসর করার একটি দারুণ সুযোগ। মানসম্পন্ন, নিরাপদ, সাশ্রয়ী আবাসন হলো মৌলিক অধিকার, এবং সকলে যাতে নিজেদের সম্প্রদায়ে দুশ্চিন্তা ছাড়াই জীবনযাপনের সুযোগ পাওয়ার মতো ক্ষমতা লাভ করে তা নিশ্চিত করতে তাদের সমর্থনের জন্য CDS মনার্ক স্টেট ও স্থানীয় সরকারের কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞ। আমরা বাফেলোতে একটি উজ্জ্বল ভবিষ্যৎ দেখতে উন্মুখ এবং এই সম্প্রদায়ে ও পুরো স্টেটে আরো বেশি মানুষকে সেবাদানের সুযোগ পেয়ে আনন্দিত।"

ইরি কাউন্টির নির্বাহী মার্ক পোলোনকার্জ বলেন, "এধরনের প্রকল্প এলাকাগুলিকে স্থিতিশীল হতে এবং আরো মজবুত সম্প্রদায় গঠন করতে সাহায্য করে। প্রাক্তন PS 78 শুধু ব্যস্ত ও অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন হিসেবে একটি নতুন জীবন পেতে যাচ্ছে না, বরং দারুণভাবে উন্নয়ন করা ক্যাম্পাসটি অলিম্পিক অ্যাভিনিউ এলাকায় একটি কার্যকর ও আকর্ষণীয় সংযোজন হয়ে উঠবে। প্রকল্পটি এই এলাকা এবং বাফেলোর জন্য একটি বড় বিজয়।"

বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "বাফেলো সিটিতে সাশ্রয়ী আবাসনের উপলভ্যতা বৃদ্ধি করতে এটি আরেকটি অগ্রগামী পদক্ষেপ এবং আরেকটি অলস, প্রাক্তন বাফেলো পাবলিক স্কুলের দুর্দান্ত পুনর্ব্যবহার," মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন। "আমি গভর্নর হোকলকে, আমাদের স্টেটের আইন প্রণয়নকারীদের, এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালকে আরো একটি সাশ্রয়ী আবাসন প্রকল্প সম্ভব করার জন্য, এবং CDS মনার্ককে বাফেলো সিটিতে বিনিয়োগ করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

NYS অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "প্রাক্তন PS 78 ভবনের নির্মাণকাজ শুরু হয়েছে, এটিকে বাফেলোর ইস্টসাইডে 46টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরির মাধ্যমে পুনরায় ব্যবহার করার জন্য, এটি আমাদের সম্প্রদায়কে পুনর্জীবিত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের সংস্থানের দারুণ ব্যবহার। আমি গভর্নর ক্যাথি হোকল, CDS মনার্ক ডেভেলপমেন্ট, এবং অন্যান্য সকল সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের প্রশংসা করতে চাই, যাদের নেতৃত্ব এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে অবদান রেখেছে।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেন, "PS 78-র ব্যাপক পুনর্ব্যবহার ও রূপান্তর হলো স্টেটব্যাপী সাশ্রয়ী আবাসনের সুযোগ সমর্থনে নিউ ইয়র্কের প্রতিশ্রুতির আরো একটি উদাহরণ। এরকম টেকসই, উপলভ্য প্রকল্পে বিনিয়োগ করার মাধ্যমে, আমরা শুধু বাফেলোর অতীতের একটি অংশকে সংরক্ষণ করছি না, বরং আমরা একটি সম্প্রদায়-কেন্দ্রিক স্থান তৈরি করছি, যেটিকে বাসিন্দারা অনেক বছরের জন্য বাড়ি বলতে পারবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন